

ইন্টিগ্রেটেড সুপারভিশন ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

আইএসএমডি সার্কুলার লেটার নং-১

তারিখ : ০৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিষ্টাব্দ

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

ইন্টিগ্রেটেড সুপারভিশন সিস্টেমে তথ্য দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ০৫ ফেব্রুয়ারি ২০১৮ তারিখে জারীকৃত আইএসএমডি সার্কুলার নং-১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-০২ এ প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের ১৫(পনের) তারিখের মধ্যে নির্ধারিত RIT ব্যবহার করত বাংলাদেশ ব্যাংকের Web Portal-এ এবং অনুচ্ছেদ নং-০৪ এ দাখিলকৃত তথ্যের নির্ভুলতার প্রত্যয়নপত্র প্রতি মাসের ২০(বিশ) তারিখের মধ্যে অত্র ডিপার্টমেন্ট-এ দাখিল করার নির্দেশনা রয়েছে।

৩। এক্ষেত্রে, উক্ত নির্দেশনা নিম্নরূপভাবে পরিবর্তন করা হলোঃ

“প্রতি মাসের তথ্য পরবর্তী মাসের শেষ কর্মদিবসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের eReturns(Banks and NBFIs)-এ দাখিল করতে হবে এবং উক্ত তথ্যের নির্ভুলতার প্রত্যয়নপত্র (নির্ধারিত ফরম্যাট অনুসারে) তথ্য দাখিল করার পরবর্তী ০৫(পাঁচ) কর্মদিবসের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে”।

৪। আইএসএমডি সার্কুলার নং-১/২০১৮ এ বর্ণিত অন্যান্য নির্দেশনাসমূহ অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হানিফ মিয়া)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৬২৪